হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৮ ঃ মেহেরপুর-বৃহস্পতিবার ২ অক্টোবর ২০২৫ ইং ঃ ১৭ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৯ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



সংগ্রাম করা মানেই ব্যর্থ হওয়া নয় : ভাবনা -পৃষ্ঠা-৩

## মেহেরপুর সীমান্তে মাদক অস্ত্রের অবাধ প্রবাহ

### যুবসমাজ বিপথগামী

**নিজস্ব প্রতিবেদক**



জেলার ৮৯ কিলোমিটার দীর্ঘ সীমান্তরেখা এখন মাদক ও অস্ত্র চোরাচালানের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। প্রতিদিনই সীমান্ত দিয়ে প্রবেশ করছে ফেনসিডিল, ইয়াবা, কোকেনসহ নানাধরনের মাদকদ্রব্য। শুধু মাদকই নয়, দেশীয়-বিদেশি অস্ত্র, গানপাউডার ও বোমা তৈরির সরঞ্জামও আসছে একই পথে। স্থানীয় সীমান্তবাসীদের অভিযোগ, ভারতের সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সহযোগিতা ছাড়া এত বিপুল মাদক ও অস্ত্র বাংলাদেশে প্রবেশ সম্ভব নয়। রাতের আঁধারে মোবাইল ফোনে যোগাযোগ করে ভারতীয় চোরাকারবারীরা কাঁটাতারের ওপর ফেলে দেয় মাদক ও অস্ত্র। পরে বাংলাদেশি পাচারকারীরা সেগুলো সংগ্রহ করে দেশের ভেতরে সরবরাহ করে। বড় চালানের ক্ষেত্রে বিএসএফ গেটও খুলে দেয় বলে দাবি স্থানীয়দের। অবাধ মাদক প্রবাহে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে যুবসমাজ। স্কুল-কলেজের শিক্ষার্থী থেকে শুরু করে সাধারণ বেকার যুবকরা মাদকের দিকে ঝুঁকছে। স্থানীয় এক গ্রামবাসী বলেন, "আমাদের এলাকায় প্রতিদিনই নতুন ধরনের মাদক আসে। সীমান্তে সতর্ক থাকলেও চোরাকারবারীরা চতুরভাবে পণ্য আনে। যুবকরা এখন বিপদে।" মাদক ব্যবসার প্রচুর লাভ থাকায় স্থানীয় বেকার যুবক, এমনকি শিক্ষিতরাও পাচার কাজে যুক্ত হচ্ছে। ফেনসিডিলের একটি বোতল সীমান্তে ২০০-২৫০ টাকায় কেনা হলেও দেশের ভেতরে তা বিক্রি হচ্ছে ২-৩ হাজার টাকায়। এই বিপুল মুনাফার কারণেই ঝুঁকছে অনেকে।

অনুসন্ধানে জানা গেছে, সদর উপজেলার শালিকা, বুড়িপোতা, বাজিতপুর, ইছাখালি, রংদ্রনগর, শোলমারী ও শুভরাজপুর সীমান্ত দিয়ে মূলত মাদক প্রবেশ করছে। অন্যদিকে গাংনী উপজেলার কাথুলি, খাসমহল, রংমহল, কাজিপুর, তেঁতুলবাড়িয়া ও সহড়াবাড়িয়া সীমান্ত দিয়ে প্রবেশ করছে

২-এর পৃষ্ঠা দেখুন

## দেশের ভেতরে নেতৃত্বের খোঁজে আওয়ামী লীগ

**সূর্যোদয় প্রতিবেদন**

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ বর্তমানে দেশের ভেতরে তাদের নেতৃত্ব দেওয়ার জন্য উপযুক্ত ব্যক্তির খোঁজ করছে। দলের নেতারা বলছেন, এখন তাদের অগ্রাধিকার হলো দেশে রাজনৈতিক সক্রিয় অবস্থান তৈরি করা। তবে দলটির বর্তমান অবস্থা বিপর্যস্ত। আকস্মিক ঝটিকা মিছিল ও সামাজিক মাধ্যমের ওপর ভর করে তারা এগোচ্ছে, কিন্তু বড় কোনো কর্মসূচি নিয়ে রাজনীতির মাঠে টিকে থাকার মতো সাংগঠনিক সক্ষমতা এখনও তৈরি হয়নি। জুলাইয়ের গণঅভ্যুত্থানে হত্যাকাণ্ডের অভিযোগ ও ফ্যাসিবাদের তকমা এড়িয়ে কি দেশের রাজনীতিতে আওয়ামী লীগ সহসাই ফিরে আসতে পারবে, তা এখনও প্রশ্নবিদ্ধ। মুক্তিযুদ্ধের নেতৃত্ব দেওয়া এই দলটি প্রায় ৭৬ বছর বয়সে আগের যে কোনো সময়ের তুলনায় এবার বেশি সংকটে। গত বছরের ৫ আগস্টের গণঅভ্যুত্থানের পর শেখ হাসিনা, সাবেক মন্ত্রী ও সংসদ সদস্যসহ দলের একটি বড় অংশ দেশ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে সোলার পাম্পে সেচ বিদ্যুৎ সাশ্রয় ৩ হাজার ইউনিট

**নিজস্ব প্রতিবেদক**

মেহেরপুরের মাঠের পর মাঠ ফসলের জমিতে সেচ হচ্ছে সোলার পাম্পে। এতে লাগছে না বিদ্যুৎ ও জ্বালানি তেল, ডিজেল। এতে যেমন বিদ্যুৎ তেলর শাস্র্য় হচ্ছে তেমনি কৃষকরাও আর্থিক ভাবে লাভবান হচ্ছেন। পুরো জেলার আবাদি জমির সেচ সুবিধা সোলার পাম্পের আওতায় আনলে কৃষিনির্ভর মেহেরপুরে কৃষি বিপ্লব ঘটবে।এ প্রকল্পে সহায়তা করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি)। মেহেরপুর বিএডিসির তথ্য অনুযায়ী মেহেরপুরে ২০ হর্স পাওয়ারের ৩০ টি ও সাড়ে ৭ হর্স পাওয়ারের ২১টি সোলার সেচ পাম্প চালু রয়েছে। এছাড়া নদ-নদীকেন্দ্রিক সেচ পাম্প রয়েছে ৩৫টি, ভূগর্ভস্থ সোলার সেচ পাম্প রয়েছে ৪৩টি। নদ-নদীকেন্দ্রিক সেচ পাম্প থেকে প্রতিদিন ৩০ বিঘা জমি এবং ভূগর্ভস্থ মিনি সেচ পাম্প থেকে প্রতিদিন ৪০ বিঘা জমি সেচ সুবিধা পাচ্ছে। ২০ হর্স পাওয়ার সোলার সেচ পাম্প নির্মাণে খরচ প্রায় ৬০ লাখ টাকা আর সাড়ে ৭ হর্স পাওয়ারে খরচ হয়েছে ৪৫ লাখ টাকা। প্রকল্পের অনুকূলে ৩ হাজার একর জমি সেচের আওতায় নেওয়া আছে। এতে করে প্রতিদিন প্রায় তিন হাজার ইউনিট বিদ্যুতের সাশ্রয় হচ্ছে। মেহেরপুর জেলায় প্রায় ৩ হাজার বিঘা জমিতে সোলার সেচ

২-এর পৃষ্ঠা দেখুন



## ব্রিটিশ নিষ্ঠুরতার নিরব সাক্ষী ভাটপাড়া কুটিবাড়ী

**নিজস্ব প্রতিবেদক**

মেহেরপুর জেলার গাংনী উপজেলায় অবস্থিত ভাটপাড়া নীলকুঠি ব্রিটিশ শাসনামলে নীলকর সাহেবদের নির্মম শোষণ ও অত্যাচারের নীরব সাক্ষী। কাজলা নদীর তীরে অবস্থিত এই ঐতিহাসিক কুঠিবাড়িটি নীলচাষের নামে স্থানীয় কৃষকদের উপর চালানো নির্যাতনের প্রতীক। আজও এটি সেই ইতিহাসের সাক্ষী হয়ে দাঁড়িয়ে আছে। ভাটপাড়া কুঠি স্থানীয় সভ্যতার এক গুরুত্বপূর্ণ স্মারক এবং এই অঞ্চলের ইতিহাসের সঙ্গে গভীরভাবে জড়িত। কালের সাক্ষী হয়ে ভবনটি এখনো দাঁড়িয়ে আছে। ভবনের আশেপাশে ব্রিটিশদের স্মৃতি চিহ্ন হিসেবে ছড়িয়ে ছিটিয়ে আছে নীল গাছ।

মেহেরপুরের ইতিহাস বই থেকে জানাগেছে , ১৭৭৮ সালে ক্যারল ব্লুম নামে এক ইংরেজ ব্যক্তি ভাটপাড়া কাজলা নদীর তীরে ২৩ একর জমির ওপর নীলকুঠি স্থাপন করেন। তৎকালীন ইস্ট ইন্ডিয়া কোম্পানীর নীল ব্যাবসায়ীদের দোরদান্ত প্রতাপে দিশেহারা ছিল নীল চাষীরা। নির্যাতিত নীল চাষীদের দুর্বার আন্দোলনের মুখে বাংলার বুক থেকে নীল চাষ নিশ্চিন্ন হয়ে গেলেও নীলকরদের অত্যাচার নির্যাতন ও শোষণের স্মৃতি নিয়ে কালের স্বাক্ষী হয়ে জরাজীর্ণ অবস্থায় দাঁড়িয়ে আছে ভাটপাড়া নীলকুঠি ও নীল গাছ। বইটিতে উঠে এসেছে বাঙালীদের উপর ব্রিটিশ নিষ্ঠুরতার চিত্র। সেসময় নীলচাষীদের উৎপাদিত নীল বিক্রি হতো ১৩-১৪ টাকা সের। কিন্তু নিল চাষীরা উৎপাদন খরচ হিসাবে পেত মাত্র ৩ টাকা। এ ব্যবস্থার বিরুদ্ধে কেউ প্রতিবাদ করলে তাকে খুন করে লাশ গুম করা হতো। এছাড়াও চাষিদের মাথার উপরে মাটিতে নীলের বীজ বপন করে অনাহারে দাঁড় করিয়ে রাখা হতো। ওই বীজ থেকে চারা না গজানো পর্যন্ত তাদের ওভাবেই দাঁড় করিয়ে রাখা হতো। মেহেরপুরের ইতিহাস বইয়ের লেখক মেহেরপুরের জেষ্ঠ্য সাংবাদিক তোজাম্মেল আযম বলেন, ব্রিটিশ নীলকরদের স্মৃতি হিসেবে ভাটপাড়া ও আমঝুপিতে কিছু অবকাঠামো টিকে আছে। ঐতিহাসিক এসব স্থানগুলো যথাযথ দেখভালের অভাবে ধ্বংস হচ্ছে। ভাটপাড়া ও আমঝুপি নীলকুঠি পর্যটন কেন্দ্র হিসেবে সরকারিভাবে গড়ে তোলা হলেও পর্যটক আকর্ষণে ব্যর্থ হয়েছে। এছাড়াও দামি মার্বেল পাথর আর গুপ্তধনের আশায় ভেঙে ফেলা হয়েছে মুল ভবনসহ সব কিছু।

ভাটপাড়ার বাসিন্দা দেশটিভির জেলা প্রতিনিধি আক্তারুজ্জামান জানান, ভাটপাড়াতে ইংরেজদের স্মৃতি চিহ্ন ধরে রাখতে এখানে গড়ে তোলা হয়েছে ইকোপার্ক। মুল ভবনটির অবকাঠামো ঠিক রেখে

২-এর পৃষ্ঠা দেখুন



## উপজেলা প্রশাসন পূজা মণ্ডপে পৌঁছে দিল উপহার

**নিজস্ব প্রতিবেদক**

মেহেরপুর সদর উপজেলা: শারদীয় দুর্গোৎসবকে কেন্দ্র করে সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে বুধবার মেহেরপুরের বিভিন্ন পূজা মণ্ডপে উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। বামনপাড়া সার্বজনীন কালী মন্দির থেকে সূচনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে চুরি ও মাদক মামলায় ২ জনের কারাদন্ড

**নিজস্ব প্রতিবেদক**

মেহেরপুররে চুরি ও মাদক মামলার আসামী মোঃ আলামিনকে ৮ বছর কারাদণ্ড এবং ১৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে ৪৫ দিনের কারাদন্ডের আদেশ দেন। অপর আসামি মোঃ আবু সাঈদ কাননকে ৩ বছর কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে ১৫ দিনের কারাদন্ডের আদেশ দেন। বুধবার দুপুরে মেহেরপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোঃ শাজাহান আলী এ রায় দেন।

মামলার বিবরণ অনুযায়ী, ৮ জুলাই ২০১৯ তারিখে মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে উদ্ধার হওয়া শিশুর পাশে দাঁড়ালেন ইউএনও

**নিজস্ব প্রদিবেদক**

গাংনী উপজেলার মটমুড়া গ্রামের মনিএরর পাশের বাঁশঝাড় থেকে উদ্ধার হওয়া সদ্য ভূমিষ্ঠ কন্যা শিশুর জন্য পদক্ষেপ নিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম। তিনি ২৫০ শয্যা বিশিষ্ট মেহেরপুর হাসপাতালে শিশুটি পর্যবেক্ষণে থাকা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১

**নিজস্ব প্রতিবেদক**

মেহেরপুর কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের পুড়াপাড়া নামক স্থানে ব্রীজের সাথে ধাক্কা মেরে সাইফুল ইসলাম(৩০) নামের এক নছিমন চালক নিহত হয়েছে। আজ বুধবার সন্ধ্যা সাড়ে সাতটার দিকে এ ঘটনা ঘটে। নিহত সাইফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার পুলিশ লাইন পাড়ার টুটুল মিয়া ছেলে। স্থানীয়রা জানান, মেহেরপুর কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের পুড়াপাড়া ওপর সড়ক দুর্ঘটনায় নিহত লাশ দেখতে পেয়ে পুলিশকে খবর দেয়। পুলিশ এসে মরা দেহ উদ্ধার করে। তবে কিভাবে এ দূর্ঘটনা ঘটেছে তা কেউ দেখেনি। গাংনী থানার ওসি বানি ইসরাইল জানান, খবর পেয়ে পুলিশ পাঠানো হয়েছে। তবে

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে মাওলানা তাজ উদ্দিন খানের গণসংযোগ

**নিজস্ব প্রতিবেদক, মুজিবনগর**

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৫নং ওয়ার্ডে জামায়াতে ইসলামীর আয়োজনে মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী ও জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খানের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের আমির ও মেহেরপুর-১ আসনের এমপি প্রার্থী মাওলানা

২-এর পৃষ্ঠা দেখুন

## নিবন্ধন পাচ্ছে এনসিপি ও জাতীয় লীগ

**সূর্যোদয় প্রতিবেদন**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিবন্ধন পেতে যাচ্ছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও বাংলাদেশ জাতীয় লীগ। নিবন্ধনযোগ্য এ দুটি দলের বিষয়ে কারো কোনো আপত্তি আছে কিনা জানতে চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করবে নির্বাচন কমিশন (ইসি)। মঙ্গলবার সন্ধ্যায় রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, এনসিপি ও বাংলাদেশ জাতীয় লীগ প্রাথমিকভাবে নিবন্ধন শর্ত

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর {গাংনীতে অ্যানথ্রাক্সের ছায়া}**

খবর (গাংনীতে বাঁশবাগান
থেকে নবজাতক উদ্ধার)
কলিকালের কলির যুগে
দেখবো আর কত কি
বাঁশ বাগানের মাঝ থেকে
নবজাতক কুড়িয়ে পেয়েছি।
এক মিনিটের সুখের ছায়ায়
বিপদ অনেক আসে
সুখ যখন স্বর্গে যায়
বিপদ থাকে সাথে।
এমন কাজ করলি তুই
পারলি না কাউকে বলতে
মনের ব্যথা মনের কষ্ট
পারলি না তুই সইতে।
আইন করে খুঁজতে হবে
ধরতে হবে তাকে
এমন সাজা দিতে হবে
বাপ বলে যেন ডাকে ।



## মেহেরপুরে দুর্গা উৎসবে পিএফজির সদস্যরা

**নিজস্ব প্রতিবেদক:**

মেহেরপুরে সনাতন ধর্মালম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গা উৎসবে শামিল হলেন পিএফজির সদস্যরা।গতকাল বুধবার রাতে এ উপলক্ষে মেহেরপুর পিএফজির সমন্বয়কারী মুজাহিদ আল মুন্নার নেতৃত্বে সদর উপজেলার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করা হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় পুকুরে ডুবে অষ্টম শ্রেণির শিক্ষার্থীর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গা**

চুয়াডাঙ্গার পৌর এলাকায় পুকুরে ডুবে মো. রাকিব (১৪) নামে অষ্টম শ্রেণির এক শিক্ষার্থীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।গতকাল বুধবার দুপুরে চুয়াডাঙ্গা পৌর এলাকায় সাতগাড়ি নামক এলাকায় বাড়ি সংলগ্ন পুকুরে গোসল করতে নেমে এ দুর্ঘটনা ঘটে।নিহত রাকিব চুয়াডাঙ্গা শহরের এতিমখানাপড়ার মো. সেলিমের ছেলে। সে এম. এ. বারী মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির মেধাবী শিক্ষার্থী ছিলো। নিহত রাকিবের প্রতিবেশী খাজির আহমেদ জানান, সাতগাড়ি এলাকায় একটি পুকুরে রাকিব ও

২-এর পৃষ্ঠা দেখুন



## সীমান্ত থেকে এক বাংলাদেশিকে ধরে নিয়ে গেছে বিএসএফ

**নিজস্ব প্রতিবেদক, চুয়াডাঙ্গ**

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় সীমান্তের শূন্যরেখা থেকে বদর উদ্দীন (৩৫) নামের এক বাংলাদেশিকে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সদস্যরা ধরে নিয়ে গেছেন বলে জানিয়েছে পরিবার।

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ১৭ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২ অক্টোবর ২০২৫ইং

# দুই হাজারের বেশি মানুষ পেলেন চিকিৎসা সেবা ও ঔষধ

## জেলা বিএনপি মানবিক উদ্যোগে

নিজেস্ব প্রতিবেদক

অসহায় ও দরিদ্র মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করতে মেহেরপুরে দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ম্যামপুর প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ ক্যাম্পের আয়োজন করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। ক্যাম্প উদ্বোধনকালে কামরুল হাসান বলেন, " শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ১৯ দফা ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৩১ দফার মূল লক্ষ্যই হলো অসহায় মানুষের পাশে দাঁড়ানো। তাই সেই দফাগুলো বাস্তবায়নের অংশ হিসেবে আমরা চিকিৎসা সেবা ও ওষুধ বিনামূল্যে মানুষের কাছে পৌছে দিচ্ছি।




বাস্তবায়ন হলে বাংলাদেশ হবে স্বনির্ভর ও সবুজ দেশ, যেখানে মানুষ তাদের ন্যায়বিচার ও মৌলিক অধিকার ফিরে পাবে।" তিনি আরও বলেন, "গত ১৭ বছরে ফ্যাসিস্ট সরকার জনগণের মানবাধিকার লঙ্ঘন করেছে। হাসপাতাল ও ক্লিনিকগুলো দালালচক্রের নিয়ন্ত্রণে ছিলো, যারা সাধারণ মানুষকে ভোগান্তি দিয়েছে। আমরা চাই মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে প্রতিটি মানুষ ন্যূনতম স্বাস্থ্যসেবা পাক।"

কুষ্টিয়া ল্যাব কেয়ারের সহযোগিতায় আয়োজিত ক্যাম্পে বিশেষজ্ঞ চিকিৎসকরা প্রায় দুই হাজার মানুষকে চিকিৎসা সেবা দেন। এ সময় প্রয়োজনীয়

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ওজন নিয়ন্ত্রণে রাখতে কয়েকটি সহজ টিপস

সূর্যোদয় প্রতিবেদন

কয়েক সপ্তাহ বা মাস ধরে আপনি ওজন কমানোর পেছনে অনেক পরিশ্রম করেছেন। হয়তো তলপেটের মেদ কমেছে, খাওয়া-দাওয়ার অভ্যাসে শৃঙ্খলা এসেছে, শরীরচর্চাও নিয়মিত করেছেন। তবে এত কষ্টের ফল যেন আবার মাটি না হয়ে যায়, সেজন্য কিছু বিষয় মাথায় রাখা জরুরি। হঠাৎ করে রুটিন হারিয়ে ফেললে বা খাওয়া-দাওয়ার অনিয়ম শুরু হলে ওজন ফিরে আসতে বেশি সময় লাগবে না। তাই নিয়ম না ভাঙার কিছু সহজ উপায় জেনে নিন। রুটিন মেনে খাওয়াটা খুব গুরুত্বপূর্ণ। অনিয়মিত সময়ে খাওয়া-দাওয়া করলে হজমের সমস্যা হতে পারে, বিপাক হার কমে যেতে পারে, আর ধীরে ধীরে ওজনও বাড়তে পারে। তাই সকাল, দুপুর ও রাতের খাবার একটা নির্দিষ্ট সময়ে খাওয়ার চেষ্টা করুন। অনেক সময় বন্ধু-বান্ধবদের সঙ্গে খাওয়াদাওয়ার সময় অতিরিক্ত খেয়ে ফেলতে পারেন। তখন খাবার

৩-এর পৃষ্ঠা দেখুন




## জামায়াতসহ সমমনা দলের ১২ দিনের কর্মসূচি ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচন পিআর (সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব) পদ্ধতিতে আয়োজনসহ পাঁচ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে দ্বিতীয় ধাপে ১২ দিনের কর্মসূচি ঘোষণা করেছে জামায়াতে ইসলামীসহ যুগপৎ আন্দোলনে থাকা কয়েকটি রাজনৈতিক দল। গতকাল মঙ্গলবার ঢাকায় আলাদা সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি জানানো হয়। কর্মসূচিগুলে হলো ২ অক্টোবর থেকে ৯ অক্টোবর: সারাদেশে জনমত গঠনের জন্য গণসংযোগ, মতবিনিময় সভা, গোলটেবিল বৈঠক ও সেমিনার। ১০ অক্টোবর: রাজধানীসহ সব বিভাগীয় শহরে গণমিছিল। ১২ অক্টোবর: সারাদেশে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান। এর আগে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐকমত্য কমিশনের চলমান সংলাপের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ছাত্রলীগ নেতা গ্রেফতার, প্রতিবাদে জামায়াতের মিছিল

সূর্যোদয় প্রতিবেদন

কুমিল্লার নাঙ্গলকোট উপজেলার মক্রবপুর ইউনিয়ন ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক আমির হামজা রাসেলকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) রাতে এ ঘটনায় জামায়াতে ইসলামী কুমিল্লার পক্ষ থেকে একটি প্রতিবাদ মিছিল বের করা হয়। স্থানীয় সূত্রে জানা যায়, গত ২১ সেপ্টেম্বর রাতে নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করে ডিবি পুলিশ। গ্রেফতারের প্রতিবাদে আয়োজিত মিছিলে অংশ নেন কুমিল্লা-১০ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ও ইসলামী ছাত্রশিবিরের সাবেক কেন্দ্রীয় সভাপতি ইয়াছিন আরাফাত, নাঙ্গলকোট পৌরসভার আমির হারুন আর রশিদ, মক্রবপুর ইউনিয়নের আমির ডা. বেলাল আহমেদসহ স্থানীয় জামায়াত-শিবিরের বহু নেতাকর্মী। এ সময়

২-এর পৃষ্ঠা দেখুন



## আওয়ামী লীগের কার্যক্রমে নিষেধাজ্ঞা প্রত্যাহারের সম্ভাবনা নেই : আসিফ নজরুল

সূর্যোদয় প্রতিবেদন

আইন, বিচার ও সংসদ বিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, আওয়ামী লীগের কার্যক্রমে আরোপিত নিষেধাজ্ঞা দ্রুত প্রত্যাহারের কোনো সম্ভাবনা নেই। তিনি জানান, সংগঠন হিসেবে দলের বিরুদ্ধে আন্তর্জাতিক অপরাধ আদালতে বিচার পাওয়ার উদ্যোগও নেওয়া হয়েছে। বুধবার (১ অক্টোবর) দুপুরে বরিশাল নগরীর শঙ্কর মঠ পূজামণ্ডপ পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। ড. আসিফ নজরুল বলেন, "যখন কোনো দলের কার্যক্রম নিষিদ্ধ করা হয়, তখন প্রশ্ন আসে তা স্থায়ী না অস্থায়ী। তবে আওয়ামী লীগের কার্যক্রমের ওপর দেওয়া নিষেধাজ্ঞা শিগগিরই উঠিয়ে নেওয়া হবেড়এমন কোনো সম্ভাবনা নেই। আগামী নির্বাচনের আগে তো নয়ই, অদূর ভবিষ্যতেও এরকম কোনো পদক্ষেপ নেওয়ার সম্ভাবনা আমি

৩-এর পৃষ্ঠা দেখুন

## র‍্যাংকিংয়ে সাইফের বড় লাফ

সূর্যোদয় প্রতিবেদন

সদ্য শেষ হওয়া এশিয়া কাপে দুর্দান্ত পারফরম্যান্সের সুফল পেলেন বাংলাদেশের সাইফ হাসান ও রিশাদ হোসেন। বুধবার আইসিসির সর্বশেষ র?্যাংকিং হালনাগাদে বিশাল লাফ দিয়েছেন ওপেনার সাইফ। একইসঙ্গে বোলারদের র?্যাংকিংয়ে এগিয়েছেন লেগ স্পিনার রিশাদ। টি-টোয়েন্টি ব্যাটসম্যানদের তালিকায় সাইফ হাসান ৪৫ ধাপ এগিয়ে ৩৬তম স্থানে উঠে এসেছেন। তার বর্তমান রেটিং পয়েন্ট ৫৫৫। আগের সপ্তাহেই ১৩৩ ধাপ এগিয়েছিলেন এই ডানহাতি ব্যাটসম্যান। বর্তমানে বাংলাদেশের টি-টোয়েন্টি ব্যাটসম্যানদের মধ্যে সাইফই শীর্ষে। ইনজুরির কারণে এশিয়া কাপের শেষ দুই ম্যাচ খেলতে না পারা অধিনায়ক লিটন দাস তিন ধাপ পিছিয়ে ৪৩তম স্থানে আছেন। এছাড়া তানজিদ হাসান ও তাওহিদ হৃদয় যথাক্রমে ৪৫

৩-এর পৃষ্ঠা দেখুন




## আওয়ামী লীগ গণশত্রুতে পরিণত হয়েছে: এজেডএম জাহিদ

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী লীগকে 'গণশত্রু' আখ্যা দিয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক এজেডএম জাহিদ হোসেন বলেছেন, "গণহত্যাকারী, গুম-খুনে জড়িত এবং নির্বিচারে মানুষ হত্যা করা আওয়ামী লীগকে অবশ্যই বিচারের আওতায় আনতে হবে। তাদের অনুশোচনা ছাড়া জনগণ ক্ষমা করবে না।" বুধবার (১ অক্টোবর) জাতীয় প্রেস ক্লাবে আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে 'আজহার-শফিক ফাউন্ডেশন'-এর ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সম্প্রতি জাতিসংঘ সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক সফরকালে প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস ডিজিটাল গণমাধ্যম জিটিও'কে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, আওয়ামী লীগের কার্যক্রম স্থগিত করা হয়েছে, তবে তাদের নিবন্ধন

৩-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই সনদ: বৃহত্তর ঐকমত্য তৈরিতে তৎপর গণতন্ত্র মঞ্চ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়নের প্রক্রিয়া নিয়ে দেশের প্রধান রাজনৈতিক দলগুলোর মধ্যে তীব্র মতপার্থক্য তৈরি হয়েছে। বিশেষ করে বিএনপি ও জামায়াতে ইসলামী মুখোমুখি অবস্থানে থাকায় এ নিয়ে অনিশ্চয়তা তৈরি হলেও, বৃহত্তর ঐকমত্য গড়ে তোলার উদ্যোগ নিয়েছে গণতন্ত্র


৩-এর পৃষ্ঠা দেখুন

## ক্রিকেটে ফিক্সিং বন্ধের আগে নির্বাচনের ফিক্সিং বন্ধ করুন তামিম ইকবাল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) আসন্ন নির্বাচনে নিজেদের মনোনয়নপত্র প্রত্যাহার করলেন সাবেক অধিনায়ক তামিম ইকবালসহ প্রায় ১৫ জন প্রার্থী। বুধবার মনোনয়ন প্রত্যাহারের পর তামিম নির্বাচনের প্রক্রিয়াকে দেশের ক্রিকেটের জন্য 'কালো দাগ' হিসেবে আখ্যায়িত করেছেন এবং তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। গণমাধ্যমের সামনে তামিম বলেন, "আপনারা জানেন যে আমরা আজ আমাদের মনোনয়ন প্রত্যাহার করেছি। আমিসহ প্রায় ১৪-১৫ জন প্রার্থী প্রত্যাহার

৩-এর পৃষ্ঠা দেখুন



## যুক্তরাষ্ট্রে অনির্দিষ্টকালের জন্য শাটডাউন, স্থবির সরকারি কার্যক্রম

সূর্যোদয় প্রতিবেদন

ব্যয়সংক্রান্ত বিল পাস করতে শেষ মুহূর্তে ব্যর্থ হওয়ায় যুক্তরাষ্ট্রে শুরু হয়েছে অনির্দিষ্টকালের জন্য সরকার শাটডাউন। স্থানীয় সময় মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) মধ্যরাত থেকে কার্যকর হওয়া এ অচলাবস্থার ফলে আংশিকভাবে বন্ধ হয়ে গেছে সরকারি কার্যক্রম। সরকারি পরিষেবার একটি বড় অংশ সাময়িকভাবে স্থবির হয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের গাজা শান্তি পরিকল্পনায় ফিলিস্তিন রাষ্ট্রের কোনো কথা নেই

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু সম্প্রতি ঘোষিত ২০ দফা গাজা শান্তি পরিকল্পনায় স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র বা ফিলিস্তিনিদের সার্বভৌমভাবে থাকার কোনো প্রসঙ্গ নেই। পরিকল্পনাটি প্রকাশের পর থেকে তা নিয়ে ব্যাপক সমালোচনা ও সংশয় দেখা দিয়েছে বিশেষ করে হামাস ও অন্যান্য ফিলিস্তিনি নেতাদের মধ্যে। প্রস্তাবনাটি হোয়াইট হাউসে নেতানিয়াহুর সঙ্গে বৈঠকের পর ট্রাম্প ঘোষণা করেন। এরপরই হামাস ঘোষণা করে যে তাদেরকে পরিকল্পনাটি

২-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## উইন্ডোজ ১০ আপডেট বন্ধ করছে মাইক্রোসফট, ভোক্তাদের উদ্বেগ

সূর্যোদয় প্রতিবেদন

মাইক্রোসফটের ২০১৫ সালে চালু হওয়া জনপ্রিয় অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১০-এর আপডেট ১৪ অক্টোবর থেকে বন্ধ হয়ে যাচ্ছে। এ সিদ্ধান্তে ভোক্তা ও ভোক্তা অধিকার সংস্থাগুলোর মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে। কম্পিউটার নিরাপত্তা বিশেষজ্ঞদের মতে, নিয়মিত আপডেট অপারেটিং সিস্টেমকে সাইবার আক্রমণ থেকে রক্ষা করত। আপডেট বন্ধ হলে ব্যবহারকারীরা ঝুঁকিতে পড়বেন। বিশেষজ্ঞ মার্টিন ক্রিমার সতর্ক করে বলেন, আপডেট ছাড়া ব্যবহারকারীরা সর্বশেষ নিরাপত্তা হুমকির বিরুদ্ধে সুরক্ষিত থাকবেন না। মাইক্রোসফট জানিয়েছে, সর্বশেষ অপারেটিং সিস্টেম উইন্ডোজ ১১-এ আপগ্রেড করতে ব্যবহারকারীদের উৎসাহিত করা হচ্ছে। তবে যাদের হার্ডওয়্যার সামঞ্জস্যপূর্ণ নয় তাদের জন্য প্রতিষ্ঠানটি ৩০ ডলারে এক বছরের




৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বৃহস্পতিবার, ২ অক্টোবর ২০২৫ ইং

## শব্দ দূষণ: শিশুদের ভবিষ্যৎ রক্ষায় জরুরি পদক্ষেপ প্রয়োজন

শব্দদূষণ এখন আর শুধু নগর জীবনের এক বিরক্তিকর উপসর্গ নয়; এটি আমাদের শিশুদের মগজ ধ্বংস করছে, তাদের স্বাভাবিক বিকাশকে বাধাগ্রস্ত করছে। গবেষণা ও বিশেষজ্ঞ মতামত বলছে, দীর্ঘমেয়াদী শব্দদূষণ শিশুদের শেখার ক্ষমতা, স্মৃতিশক্তি ও মস্তিষ্কের কর্মক্ষমতা কমিয়ে দিচ্ছে। এমনকি ভবিষ্যতে শারীরিক অসুস্থতা, মানসিক অস্থিরতা এবং সামাজিক সম্পর্কের উপরও ভয়াবহ প্রভাব ফেলছে। মেহেরপুরসহ দেশের বিভিন্ন শহরে হর্ন, বাজারের কোলাহল ও শিল্প এলাকা থেকে নির্গত শব্দ নিয়মিত মানুষের সহনক্ষমতার সীমা অতিক্রম করছে। স্কুল, কলেজ ও হাসপাতালের সামনে হর্ন বাজানো নিষিদ্ধ থাকলেও, নিয়ম মানার প্রবণতা নেই। প্রশাসনের কার্যকর পদক্ষেপের অভাব এবং জনসচেতনতার ঘাটতি পরিস্থিতিকে আরও ভয়াবহ করে তুলছে। বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, ৮০ ডেসিবেলের বেশি শব্দ দীর্ঘসময় শোনা গেলে শ্রবণশক্তি স্থায়ীভাবে নষ্ট হতে পারে। শিশুদের শরীর ও মস্তিষ্ক যখন বিকাশের পর্যায়ে, তখন এই শব্দ তাদের ভবিষ্যৎকে ঝুঁকির মুখে ঠেলে দিচ্ছে। তাই শব্দদূষণ কেবল পরিবেশগত সমস্যা নয়; এটি জনস্বাস্থ্য সংকট, যা একটি জাতির মেধা ও সম্ভাবনাকে ধ্বংস করছে। এখনই প্রয়োজন জনসচেতনতা বৃদ্ধি, হর্ন-নিষিদ্ধ এলাকা কঠোরভাবে কার্যকর করা, পরিবেশ মনিটরিং চালু করা এবং নিয়ম ভঙ্গকারীদের বিরুদ্ধে আইন প্রয়োগ। একইসঙ্গে অভিভাবক, শিক্ষক ও সমাজের সব স্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। শব্দদূষণ নিয়ন্ত্রণ করা শুধু প্রশাসনের কাজ নয়, বরং সবার যৌথ দায়িত্ব। ভবিষ্যৎ প্রজন্মের মানসিক ও শারীরিক বিকাশ রক্ষার জন্য আজকেই পদক্ষেপ নিতে হবে। নীরবতা ফিরিয়ে আনা মানে শুধু শান্তি নয় এটি শিশুদের সুস্থ ও সুন্দর ভবিষ্যৎ গড়ে তোলার অপরিহার্য শর্ত।

## সংবাদপত্রের সহজ ভাষা : পাঠকের প্রত্যাশা

মোঃ জাহিদুল ইসলাম



সংবাদপত্রকে বলা হয় জীবন্ত টেক্সট। প্রতিদিন দেশ-বিদেশে ঘটে যাওয়া সাম্প্রতিক সংবাদ, কলাম, আলোচনা, বিনোদন কিংবা খেলাধুলার খবর পাঠকের সামনে হাজির করে সংবাদপত্র। এজন্যই একে আধুনিক সভ্যতার আয়না বলা হয়। সমাজের সার্বিক চিত্র পাঠকের কাছে পৌঁছে দেওয়াই সংবাদপত্রের প্রধান ভূমিকা। এই সংযোগের প্রধান মাধ্যম হলো ভাষা। সংবাদপত্রের ভাষা পাঠকের সাথে সম্পর্ক স্থাপন করে।

তাই পাঠকের বয়স, শিক্ষা, ধর্ম, লিঙ্গ কিংবা সামাজিক অবস্থান সবই বিবেচনায় রাখতে হয়। সংবাদ পরিবেশনের ভাষা হতে হবে সহজ, সাবলীল ও গ্রহণযোগ্য। ভাষার জটিলতা পাঠকের আগ্রহ কমিয়ে দেয়, আর সহজ ভাষা তাকে করে তোলে আকৃষ্ট। শিরোনাম সংবাদপত্রের প্রাণ। পাঠক প্রথমেই শিরোনামে চোখ রাখে, তারপর সংবাদে প্রবেশ করে। তাই শিরোনাম হতে হবে সংক্ষিপ্ত, দ্ব্যর্থহীন ও স্পষ্ট। অস্পষ্ট বা দুর্বোধ্য শিরোনাম সংবাদকে আকর্ষণীয় করে তোলে না। সংবাদপত্রের নীতি হলো সহজ ও বোধগম্য শিরোনাম উপস্থাপন করা, যা পাঠকের মনে সঙ্গে সঙ্গে সাড়া জাগাতে পারে। প্রতিদিন নানা শ্রেণী-পেশার মানুষ সংবাদপত্র হাতে নেন।

কেউ খোঁজেন শুধু খবর, কেউ খেলাধুলা বা বিনোদন, কেউ অর্থনীতি বা চাকরির সংবাদ, আবার কেউ সাহিত্য, ফিচার বা ভ্রমণকাহিনী পড়েন। তাই সংবাদপত্রের সব লেখা, ছবি ও উপস্থাপন হওয়া চাই পাঠকবান্ধব। পাঠকের প্রত্যাশা পূরণ করতে সংবাদপত্রকে শুধু তথ্য দিলেই হবে না, দিতে হবে তথ্যের সঠিক উপস্থাপন। এজন্য বানান হতে হবে শুদ্ধ, শব্দচয়ন সুন্দর, বাক্যগঠন সাবলীল এবং উপস্থাপনা মানসম্পন্ন। সংবাদপত্রের প্রতি পাঠকের আস্থা গড়ে ওঠে ভাষার ওপরই।

অতএব, সংবাদপত্রের সহজ ও সাবলীল ভাষাই পাঠকের কাছে গ্রহণযোগ্য হয়ে ওঠে। এ ভাষাই সংবাদপত্রকে করে তোলে জনপ্রিয়, আস্থার প্রতীক এবং সমাজের সত্যিকারের প্রতিচ্ছবি।(লেখক : ইনডিপেনডেন্ট রিসার্চার, ঢাকা)

# গিবত : সমাজ ও আমলের ঘাতক

মুহাম্মদ আল আমিন

বর্তমান সমাজে সবচেয়ে প্রচলিত অথচ অবহেলিত একটি পাপ হলো গিবত বা পরনিন্দা। কথার মাধ্যমে, ইশারা-ইঙ্গিতে কিংবা লেখনীর সাহায্যে যেমন গিবত করা হয়, তেমনি আধুনিক যুগে ফেসবুক, মেসেঞ্জার ও গণমাধ্যমেও গিবত ব্যাপক হারে ছড়িয়ে পড়ছে। অথচ এটি মানুষের নেক আমল ধ্বংস করে দেয় এবং অন্যের ইজ্জত-সম্মান কলুষিত করে। রাসুলুল্লাহ (সা.) বলেছেন, "তুমি তোমার ভাইয়ের সম্পর্কে এমন কিছু বলো, যা সে অপছন্দ করেড়এটাই গিবত।" (মুসলিম, হাদিস : ২৫৮৯)। আল্লাহ তাআলা কোরআনে গিবতকে মৃত ভাইয়ের গোশত খাওয়ার সঙ্গে তুলনা করেছেন (সুরা হুজরাত, আয়াত : ১২)। একবার আয়েশা (রা.) কারও দোষ নিয়ে ইঙ্গিত করলে নবীজি (সা.) বলেন, "তুমি এমন একটি কথা বলেছ, যা সমুদ্রে মিশিয়ে দিলে সমুদ্রের পানিও নষ্ট হয়ে যেত।" গিবত শুধু ধর্মীয় নয়, ভয়াবহ সামাজিক ব্যাধিও। এটি পারস্পরিক সম্পর্ক নষ্ট করে, ভ্রাতৃত্ববোধ দুর্বল করে এবং অশান্তি ছড়ায়। অথচ মানুষ চায়ের আড্ডা, অফিসের মজলিস, এমনকি মসজিদের আসরেও অনায়াসে গিবতে লিপ্ত হয়। দুঃখজনক হলো, মদ্যপান, ব্যভিচার বা সুদের মতো বড় গুনাহ থেকে মানুষ কিছুটা সতর্ক হলেও গিবতের ক্ষেত্রে তেমন সচেতনতা দেখা যায় না। গিবত করা যেমন পাপ, তেমনি গিবত শোনাও নিষিদ্ধ। আল্লাহ তাআলা বলেন, "তারা যখন অসার কথা শোনে, তখন তা উপেক্ষা করে।" তাই গিবতের আসরে বসে থাকা মুমিনের মর্যাদার পরিপন্থী। ইচ্ছায় বা অনিচ্ছায় গিবত হয়ে গেলে সর্বপ্রথম করণীয় হলো তাওবা করা এবং যার গিবত করা হয়েছে তার জন্য দোয়া করা। নবীজি (সা.) বলেছেন, "গিবতের কাফফারা হলো গিবতকারী যার গিবত করেছে, তার জন্য মাগফিরাত প্রার্থনা করা।" কিয়ামতের দিন গিবতকারীদের নেক আমল অন্যদের দিয়ে দেওয়া হবে, এমনকি শেষ পর্যন্ত যদি আমল শেষ হয়ে যায় তবে অন্যদের গুনাহ তার ওপর চাপানো হবে।

## মেহেরপুরে সোলার পাম্পে সেচ

(প্রথম পৃষ্টার পর)

পাম্পের কারণে জ্বালানি হিসাবে ডিজেল ও বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে। ফলে সোলার পাম্প গ্রামীণ অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। স্বল্প খরচে কৃষকরা তাদের কৃষি জমিতে সৌরবিদ্যুৎচালিত পাম্পের সেচ সুবিধা ভোগ করায় দিন দিন বৃদ্ধি পাচ্ছে এ প্রযুক্তির চাহিদা। মাঠে মাঠে এখন নতুন করে সম্প্রসারিত হচ্ছে ব্যাটারিবিহীন সৌরবিদ্যুৎচালিত সেচ পাম্প। ফলে এ জেলায় এখন দেখা দিয়েছে সবুজ কৃষি বিপ্লবের অপার সম্ভাবনা। পাম্পগুলোতে প্রতিদিন প্রায় ৮ কোটি লিটার পানি উত্তোলন করা হচ্ছে। এতে করে প্রতিদিন প্রায় তিন হাজার ইউনিটের বেশি বিদ্যুতের সাশ্রয় হচ্ছে। এগুলো ঝামেলা ছাড়াই টানা ২০ বছর সার্ভিস দেবে বলে জানান সংশ্লিষ্টরা। সুবিধাভোগী কৃষক ফয়সাল আহমেদ জানান, প্রতিবার সেচ দিতে বিঘা প্রতি ৪ থেকে ৫ লিটার ডিজেল কিনতে হতো। ৫ লিটার ডিজেলের বাজার মূল্য ৫শ২৫ টাকা। কিন্তু এখন সোলার পাম্পের কারণে মাত্র ৩শ টাকায় এক বিঘা জমিতে সেচ দিতে পারছেন। কৃষক কবির মিয়া বলেন, এখন চাষিদের বিদ্যুতের অপেক্ষায় থাকতে হয় না। কিংবা ছুটতে হয় না ডিজেলচালিত পাম্প মালিকদের কাছে। স্বল্প খরচে সব ধরনের ফসলে সেচ সুবিধা পাওয়া যাচ্ছে। প্রতিটি সোলার সিস্টেমে সৌরশক্তি ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন করে সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মাঠে পানি সরবরাহ করা হচ্ছে। কৃষক ময়েজ উদ্দিন বলেন, আগে ইঞ্জিনচালিত শ্যালো মেশিনের চালককে তেল কিনে বাড়িতে দিয়ে এলে জমিতে পানি দিয়ে দিত। তেল দিতে দেরি হলে সেদিন আর পানি দেওয়া হতো না। সময়মতো পানি না দেওয়ায় ফসলের ক্ষতি হতো। সোলার সেচ পাম্পে ফোন দিলেই পানি দিয়ে দেয়। সময়মতো পানি দেওয়ায় উৎপাদন বেড়েছে। মেহেরপুর বিএডিসির সূত্রে জানান, কৃষি উৎপাদনের চ্যালেঞ্জ মোকাবিলায় নতুন তথ্যপ্রযুক্তির সমন্বিত ব্যবহার করে কৃষিক্ষেত্রে বিপ্লব ঘটাতে হবে। সেকেলে আর মান্ধাতার আমলের কৃষি উৎপাদন পদ্ধতির বদলে আধুনিক প্রযুক্তিকে কাজে লাগানো হয়েছে। সৌরবিদ্যুৎচালিত সোলার সেচ পাম্প আমাদের কৃষিক্ষেত্রে এক ধাপ এগিয়ে নিতে সাহায্য করছে।

## দেশের ভেতরে নেতৃত্বের খোঁজে

(প্রথম পৃষ্টার পর)

ছেড়ে বিভিন্ন দেশে আশ্রয় নেন। তখন তাদের কাছে কোনো দিকনির্দেশনা ছিল না। অনেক নেতা বলছেন, প্রথমে জীবন বাঁচানোই ছিল তাদের প্রধান লক্ষ্য। অনেকে দেশের ভেতর পালিয়ে বের হয়েছেন, অনেকে গ্রেফতার হয়েছেন। এখন সরকারের পতনের আট মাস পেরিয়ে গেলেও দেশে থাকা কোনো নেতা দলকে হাল ধরতে পারেননি। দেশের বাইরে থাকা নেতা ও কর্মীরা মনে করছেন, দেশের ভেতরে প্রয়োজন এমন একজন নেতা বা মুখপাত্র, যিনি প্রকাশ্যে এসে বিপর্যস্ত নেতাকর্মীদের সংগঠিত করতে পারবেন। এমন নেতা হিসেবে সাবেক রাষ্ট্রপতি আবদুল হামিদ ও সাবেক মন্ত্রী সাবের হোসেন চৌধুরীর নাম ওঠেছে। কিন্তু গ্রেফতার ও মামলার ভয় থেকে কেউ সাহস করে এগিয়ে আসেননি। দলের কিছু নেতা যুক্তরাষ্ট্র ও ইউরোপে অবস্থান করছেন। তারা বলছেন, ঢাকায় আনুষ্ঠানিকভাবে কোনো নেতার নাম ঘোষণা করতে চাওয়া হচ্ছে না, কারণ এতে তাকে মামলা ও গ্রেফতারের ঝুঁকি হতে পারে। আওয়ামী লীগ নেতারা অভিযোগ করেছেন, ঢাকা থেকে গ্রাম পর্যায় পর্যন্ত তাদের নেতা-কর্মীদের গ্রেফতার বাড়ানো হয়েছে। পরিস্থিতি বিবেচনায় দলের সভাপতি শেখ হাসিনাও সম্প্রতি বলেছেন, যারা সাহস করে দেশের ভেতরে দলকে সংগঠিত করার কাজে নেতৃত্ব দেবেন, তারাই আসল নেতা।

## ব্রিটিশ নিষ্ঠুরতার নিরব সাক্ষী

(প্রথম পৃষ্টার পর)

সংস্কার করা হয়েছে। বাড়তি সংযোজন করা হয়েছে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ, ঔষধি গাছের বাগানসহ নানা নান্দনিক কারুকার্য। তবে রক্ষণাবেক্ষনের অভাবে এগুলো বিনষ্ট হচ্ছে। গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন জানান, ইতোমধ্যেই নীলকুঠিটি সংস্কার ও নীলগাছ সংরক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। যাতে ভবিষ্যত প্রজন্মরা ইংরেজ শাসনামলের বিষয়ে জানতে পারে ও নীলকরদের অত্যাচার সম্পর্কে অবহিত হতে পারে।

## মেহেরপুরে চুরি ও মাদক মামলায় ২

(প্রথম পৃষ্টার পর)

সদর থানার এস.আই মোঃ আতিকুর রহমান নেতৃত্বে পুলিশি দল একটি চোরাই মাল ও মাদক উদ্ধার অভিযানের সময় মেহেরপুর পৌরসভাধীন স্টেডিয়াম এলাকা থেকে রাত আনুমানিক ১২টার সময় আসামী মোঃ আলামিন ও আবু সাঈদ কাননকে সন্দেহজনক অবস্থায় গ্রেফতার করে। জিজ্ঞাসাবাদের একপর্যায়ে তারা মেহেরপুর থানার ১৫/২০১৯-এর চুরি মামলার কথা স্বীকার করেন। তাদের দেওয়া তথ্যতে গোভিপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পূর্ব পার্শ্বে জনৈক আবুল হাশেমের আম বাগানের ভিতর থেকে ১ জোড়া বালা, ১ জোড়া চুড়ি, ১ জোড়া কানের দুল, ১টি চেইন, ৩টি নাকফুল সহ মোট ৮ ভরি স্বর্ণ উদ্ধার করা হয়। মামলায় সাক্ষীদের সাক্ষগ্রহন শেষে দণ্ডবিধির ৩৮০ ও ৪৫৭ ধারায় দোষী প্রমানিত হওয়ায় আদালত এয় আদেশ দেন।

## সীমান্ত থেকে এক বাংলাদেশিকে ধরে

(প্রথম পৃষ্টার পর)

বদর উদ্দীনের বাড়ি সীমান্ত ইউনিয়নের বেণিপুর গ্রামের স্কুলপাড়ায়। স্বজনেরা বলছেন, তিনি কৃষিকাজ করেন। তবে স্থানীয় বাসিন্দাদের কয়েকজনের ভাষ্য, তিনি অবৈধভাবে ভারতে লোক আনা নেওয়ার সঙ্গে জড়িত। প্রত্যক্ষদর্শী ও পরিবারের সদস্যরা বলছেন, গতকাল বুধবার বেলা ১১টার দিকে উপজেলার বেণিপুর গ্রামের সীমান্ত থেকে বদর উদ্দীনকে ধরে নিয়ে যান ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলার নোনাগঞ্জ বিএসএফ ক্যাম্পের সদস্যরা। কয়েকজন প্রত্যক্ষদর্শীর বরাতে বেণিপুর গ্রামের শিলন মিয়া নামের এক ব্যক্তি মুঠোফোনে বলেন, সকাল ৯টার দিকে কয়েকজন বাংলাদেশি অবৈধভাবে ভারতে প্রবেশ করেন। সেখান থেকে বাংলাদেশে ফেরার সময় সীমান্তের শূন্যরেখায় বদর উদ্দীনসহ তিনজনকে ধরে ফেলে বিএসএফ। এরপর তাঁদের মধ্যে ধস্তাধস্তি শুরু হয়। এ সময় বদর উদ্দীন ছাড়া অন্য দুজন দৌড়ে দেশের ভেতরে চলে আসেন। আর বিএসএফ সদস্যরা বদর উদ্দীনকে রাইফেলের বাঁট দিয়ে উপর্যুপরি পিটিয়ে ফেলে রাখেন। পরে তাঁকে ভারতের ভেতরে নিয়ে যায় বিএসএফ। এ বিষয়ে বিজিবির মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল রফিকুল আলম বলেন, 'আমরা অসমর্থিত সূত্রে জানতে পেরেছি বিএসএফ সদস্যরা এক বাংলাদেশিকে ধরে নিয়ে গেছেন। এ ব্যাপারে আমরা বিএসএফের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছি।'

## মেহেরপুরে উদ্ধার হওয়া শিশুর পাশে

(প্রথম পৃষ্টার পর)

অবস্থায় দেখেন এবং তার জন্য বিভিন্ন ধরনের উপহার সামগ্রী তুলে দেন। এ সময় ইউএনও চিকিৎসকদের সঙ্গে শিশুটির চিকিৎসা সংক্রান্ত সর্বোচ্চ সেবা নিশ্চিতকরণ এবং নিরাপত্তা নিয়ে খোঁজখবর নেন। উল্লেখ্য, গত মঙ্গলবার গাংনী উপজেলার মটমুড়া গ্রামের একটি বাঁশঝাড় থেকে সদ্য ভূমিষ্ঠ কন্যা শিশুটি উদ্ধার করা হয়।

## মেহেরপুরে দুর্গা উৎসবে পিএফজির

(প্রথম পৃষ্টার পর)

এসময় অন্যদের মধ্যে পিএফজির পিস অ্যাম্বাসেটর সায়েদাতুন নেসা নয়ন, পিএফজি সদস্য ও জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি রঞ্জিত পাল বাপ্পি, পিএফজির সদস্য আব্দুস সাত্তার মুক্তা, মীর শিশির, পারুল আক্তার, শাহানারা বেগম বিউটি, খোরশেদ আলম দুখু, নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম (ওয়েভ) সমন্বকারী সুমি বিশ্বাস, সহ-সমন্বয়কারী ফিরাজা আক্তার পপি, সদস্য সালমা আফরোজা সুমি, আফরোজা পারভিন কাকুলী। এসময় শহরের শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েব বাড়ি মন্দির, হরিসভা মন্দির, হালদার পাড়া মন্দির, হরিজন কলোনি মন্দির পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে মন্দির কমিটির সভাপতি সহ সনাতন ধর্মাবলম্বীদের সাথে শুভেচ্ছা বিনিময় ও শান্তির বার্তা পৌঁছে দেওয়া হয়।

## চুয়াডাঙ্গায় পুকুরে ডুবে অষ্টম শ্রেণির

(প্রথম পৃষ্টার পর)

তার বন্ধুরা গোসল করতে যায়। এসময় রাকিব পানিতে ঝাঁপ দেয়। পরে পুকুর থেকে না ওঠায় তার সাথে থাকা অন্য বন্ধুরা পানি থেকে তাকে উদ্ধার করে। এ সময় তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক রাকিবকে মৃত ঘোষণা করেন। চুয়াডাঙ্গা এম এ বারী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আলমগীর হোসেন বলেন, রাকিব অত্যান্ত মেধাবী ছাত্র ছিলো। ক্লাসে সে ফার্স্ট বয় ছিলো। তার অকাল মৃত্যুতে আমরা গভীরভাবে শোকহত। চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) খালিদুর রহমান বলেন, বিষয়টি শুনেছি, সদর হাসপাতালে পুলিশ কর্মকর্তাকে পাঠানো হয়েছে এবং সুরতহাল রিপোর্ট প্রস্তত করা হচ্ছে।

## নিবন্ধন পাচ্ছে এনসিপি ও জাতীয়

(প্রথম পৃষ্টার পর)

পূরণ করেছে। এনসিপি কি প্রতীক নেবে সে বিষয়ে নিশ্চিত করে ইসিকে দেবে। তারপর যে প্রতীক বলবে এনসিপির নামে বিজ্ঞপ্তি দেবে। এননিপির চাওয়া প্রতীক তালিকায় না থাকায় দলটিকে ইতোমধ্যে শাপলা প্রতীক পাবে না বলে আগেই জানানো হয়েছে। এবার ২২টি দল সরেজমিন তদন্ত হয়েছে। এর মধ্যে দুটির নিবন্ধনের সিদ্ধান্ত হলো। আইন অনুযায়ী, নিবন্ধন পেতে দলের একটি কেন্দ্রীয় কমিটি, এক তৃতীয়াংশ জেলা ও ১০০টি উপজেলা কমিটি থাকতে হবে। প্রতিটি কমিটিতে কমপক্ষে ২০০ ভোটারের সমর্থনের প্রমাণও থাকতে হয়। নিবন্ধন পেলে এসব দল ত্রয়োদশ সংসদ নির্বাচনে অংশ নিতে পারবে। ইসি সচিব জানান, দুটি দল নিবন্ধন পেল প্রাথমিকভাবে। অধিকতর পর্যালোচনা লাগবে ৩টি দল। অধিকতর তথ্যানুসন্ধান হবে নয়টি দল আর বাদ পড়েছে সাতটি দল। আর একটি দল আদালতের আদেশে নিবন্ধন পাবে। তিনি জানান, আরও যাচাই করা হবে তিন দলের। এগুলো হচ্ছে- বাংলাদেশ আমজনগণ পার্টি, জাতীয় জনতা পার্টি ও জাতীয় সমাজতান্ত্রিক দল (শাহজাহান সিরাজ)। এছাড়া ৯ দলের আরও তথ্যানুসন্ধান করা হবে। দলগুলো হচ্ছে আমজনতার দল, বাংলাদেশ গণতান্ত্রিক পার্টি, বাংলাদেশ সমাজতান্ত্রিক দল মার্কসবাদী, বাংলাদেশ জাস্টিস অ্যান্ড ডেভেলপমেন্ট পার্টি, ভাসানী জনশক্তি পার্টি, বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ, জনতার দল, মৌলিক বাংলা, জনতা পার্টি বাংলাদেশ। অন্যদিকে, সাতটি দল যাচাই-বাছাইয়ে বাদ পড়েছে। দলগুলো হচ্ছে- ফরওয়ার্ড পার্টি, বাংলাদেশ কমিউনিস্ট পার্টি মার্কসবাদী-সিপিবিএম, বাংলাদেশ সংস্কারবাদী পার্টি, বাংলাদেশ বেকার সমাজ, বাংলাদেশ সলিউশন পার্টি, নতুন বাংলাদেশ পার্টি, জমিয়তে ওলামায়ে ইসলাম ও নেজামে ইসলামী পার্টি। এছাড়া বাংলাদেশ নেজামে ইসলামী পার্টি আদালতের আদেশে নিবন্ধন পাবে। কোনো দলকে ভোটে অংশ নিতে ইসির নিবন্ধন বাধ্যতামূলক। নবম সংসদ নির্বাচনের আগে ২০০৮ সালে নিবন্ধন প্রথা চালু হয়। এ পর্যন্ত ৫৫টি দল ইসির নিবন্ধন পেলেও পরবর্তীতে শর্ত পূরণ, শর্ত প্রতিপালনে ব্যর্থতা এবং আদালতের নির্দেশে পাঁচটি দলের (জামায়াতে ইসলামী, ফ্রিডম পার্টি, ঐক্যবদ্ধ নাগরিক আন্দোলন, পিডিপি ও জাগপা) নিবন্ধন বাতিল করা হয়।

## উপজেলা প্রশাসন পূজা মণ্ডপে পৌঁছে

(প্রথম পৃষ্টার পর)

খাইরুল ইসলাম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর পূজা উদযাপন পরিষদের যুগ্ম সাধারণ সম্পাদক জয়দেব কুমার সাহাসহ প্রশাসন ও পূজা উদযাপন কমিটির নেতৃবৃন্দ। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, দুর্গাপূজার সময় শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করতে সব ধরনের সহায়তা প্রদান করা হবে। ইউএনও ও কমিটি নেতৃবৃন্দ শহর ও গ্রামের একাধিক মন্দিরে উপহার পৌঁছে দিয়ে উৎসবের আনন্দ ভাগাভাগি করেছেন। উল্লেখযোগ্য মন্দিরগুলোর মধ্যে রয়েছে শ্রী শ্রী সিদ্ধেশ্বরী কালী মন্দির, নায়েবাড়ি রাধা মাধব মন্দির, বকুলতলা পূজা মন্দির, গোভীপুর রায়পাড়া দুর্গাপূজা মন্ডপ, পিরোজপুর বারোয়ারী দুর্গা মন্দির এবং গহরপুর শ্রী শ্রী দূর্গা মন্দির।

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১

(প্রথম পৃষ্টার পর)

মৃত্যুর কারণে নিশ্চিত করতে পুলিশ কাজ করছে।

## মুজিবনগরে মাওলানা তাজ উদ্দিন

(প্রথম পৃষ্টার পর)

তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামায়াতের আমির মাওলানা খান জাহান আলী, উপজেলা সেক্রেটারি খাইরুল বাসার, বাগোয়ান ইউনিয়নের আমির ওমর ফারুক, সেক্রেটারি হাফিজুল ইসলাম, ৫নং ওয়ার্ড সভাপতি হায়াত আলী, সেক্রেটারি হযরত আলী, যুব বিভাগের সভাপতি আব্দুর রশিদ ও সেক্রেটারি সোহাগ মোল্লাসহ জামাতের বিভিন্ন ইউনিটের নেতাকর্মীরা। গণসংযোগ শেষে মাওলানা তাজ উদ্দিন খান বক্তব্যে আসন্ন জাতীয় নির্বাচনে দলীয় প্রতীককে বিজয়ী করতে নেতাকর্মী ও সাধারণ মানুষের প্রতি আহ্বান জানান।

## মেহেরপুর সীমান্তে মাদক

(প্রথম পৃষ্টার পর)

মাদক ছাড়াও অস্ত্র, গানপাউডার ও বোমা তৈরির সরঞ্জাম। বিজিবি ও পুলিশ সূত্রে জানা গেছে, সীমান্তে টহল ও নজরদারি বাড়ানো হয়েছে। তবে পাচারকারীরা প্রতিনিয়ত নতুন কৌশল নিচ্ছে। বাহক ও খুচরা ব্যবসায়ীরা ধরা পড়লেও মূল হোতারা থেকে যাচ্ছে ধরাছোঁয়ার বাইরে। ফলে প্রতিদিনই নতুন চালান প্রবেশ করছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা মনে করেন, শুধু অভিযান চালিয়ে সমস্যার সমাধান সম্ভব নয়। বড় পৃষ্ঠপোষকদের আইনের আওতায় আনতে হবে এবং প্রশাসন, বিজিবি, র‌্যাব ও স্থানীয়দের সমন্বিত উদ্যোগ নিতে হবে। মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রী কলেজের সহযোগী অধ্যাপক ফররুখ আহম্মেদ বলেন, "মেহেরপুরের মতো সীমান্ত জেলা সবচেয়ে ঝুঁকিপূর্ণ। এখান থেকে মাদক সারা দেশে ছড়িয়ে পড়ছে। শুধু আইন-শৃঙ্খলা বাহিনীর অভিযান যথেষ্ট নয়। জনসচেতনতা বৃদ্ধি, সামাজিক আন্দোলন ও বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে না পারলে যুব সমাজকে মাদক থেকে রক্ষা করা সম্ভব নয়।" সীমান্তবাসী-রা আশা করছেন, চোরাকারবারীদের বিরুদ্ধে কঠোর নজরদারি চালাবে প্রশাসন। পাশাপাশি মাদক থেকে যুবসমাজকে বাঁচাতে সামাজিক, শিক্ষামূলক ও সচেতনতা কর্মসূচি জোরদার করা হবে।

## ছাত্রলীগ নেতা গ্রেফতার, প্রতিবাদে

(শেষ পৃষ্টার পর)

জামায়াত নেতা ইয়াছিন আরাফাত বলেন, "আমির হামজা রাসেলকে রাজনৈতিক উদ্দেশ্যে গ্রেফতার করা হয়েছে। তিনি প্রকৃতপক্ষে কলেজ ছাত্রশিবিরের সভাপতি ছিলেন। এ ঘটনায় আমরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।" স্থানীয় আওয়ামী লীগ ও ছাত্রলীগ নেতাদের দাবি, আমির হামজা শেখ মুজিবুর রহমান ও শেখ হাসিনার নিবেদিতপ্রাণ কর্মী ছিলেন। তার গ্রেফতারের নিন্দা জানিয়ে ফেসবুকে পোস্ট করেছেন উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আব্দুল জলিল, সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও ছাত্রলীগের সাবেক সভাপতি আব্দুর রাজ্জাক সুমনসহ আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের অনেক নেতা। অন্যদিকে মক্রবপুর ইউনিয়ন জামায়াতের আমির ডা. বেলাল আহমেদ দাবি করেন, "আমির হামজা প্রকৃতপক্ষে একজন শিবিরকর্মী। কলেজ জীবন থেকেই তিনি শিবিরের সক্রিয় রাজনীতির সঙ্গে জড়িত। ছাত্রলীগ জোর করে তাকে তাদের কমিটিতে যুক্ত করেছিল।" নাঙ্গলকোট থানার ওসি এ কে ফজলুল হক বলেন, "ডিবি পুলিশ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেছে। রাজনৈতিক বিষয়টি আমার জানা নেই।"

## ট্রাম্পের গাজা শান্তি পরিকল্পনায়

(শেষ পৃষ্টার পর)

ঘোষণার আগেই দেখানো হয়নি এবং এটি "সম্পূর্ণভাবে ইসরায়েলের প্রভাবিত"। হামাসের এক কর্মকর্তা মাহমুদ মারদাওয়ি বলেন, তাদের সঙ্গে কোনো আলোচনা হয়নি; পরে কাতার ও মিশরীর মধ্যস্থতায় তারা পরিকল্পনার বিষয়ে অবহিত হয়। ট্রাম্প পরিকল্পনাকে মানব ইতিহাসের এক বিরল সুযোগ হিসেবে বর্ণনা করেছেন এবং দাবি করেছেন এটি মধ্যপ্রাচ্যে 'চিরস্থায়ী শান্তি' আনতে পারে। তবে কূটনৈতিক বিশ্লেষকরা বলছেনড়প্রকৃত বাস্তবায়ন সক্ষম হবে কি না সেটি কয়েকটি অনিবার্য ও স্পষ্ট না করা বিষয়ের উপর নির্ভর করবে। বিশেষত: গাজা থেকে ইসরায়েলি সেনা প্রত্যাহার, রাজনৈতিক ক্ষমতার বিন্যাস, জিম্মিদের মুক্তি এবং হামাস যোদ্ধাদের ভবিষ্যৎড়এসব বিষয়ে স্পষ্টতা নেই বলে জানা গেছে। প্রস্তাবনায় উল্লেখ করা হয়েছে গাজা হবে 'সন্ত্রাসমুক্ত এলাকা', দুই পক্ষের সম্মতিতে যুদ্ধ শেষ হবে, ইসরায়েল নির্দিষ্ট এলাকায় সেনা সরিয়ে নেবে এবং সব জিম্মিকে ২৪ ঘণ্টার মধ্যে মুক্তি দিতে হবে। শর্ত হিসেবে বলা হয়েছে: জিম্মির বিনিময়ে ইসরায়েল এক হাজার ৭০০ বন্দিকে মুক্তি দেবে; হামাস সদস্যরা অস্ত্র ছেড়ে বিদেশে বিতাড়িত হতে পারবে; গাজায় একটি অন্তর্বর্তী সরকার গঠন করা হবে, যার নেতৃত্বে কোনো ফিলিস্তিনি থাকবে না বরং সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারকে এ সংক্রান্ত একাধিক দায়িত্ব দেওয়ার কথাও বলা হয়েছে এবং গাজায় আন্তর্জাতিক বাহিনী মোতায়েন থাকবে। হামাসের এক সূত্র রয়টার্সকে বলেছেন, ট্রাম্পের পরিকল্পনায় তাদের 'নির্মূল' বা ক্ষমতাহীন করে দেওয়ার লক্ষ্যে 'অসম্ভব শর্ত' আরোপ করা হয়েছে; তাই তাদের পর্যালোচনায় কয়েকদিন সময় লাগতে পারে। অন্যদিকে ব্যবস্থাটি অনুসরণ করলে গাজা থেকে পুরোপুরি ইসরায়েলি সেনা প্রত্যাহার না করা হলে হামাস তা গ্রহণ করবে না বলে জানিয়েছে তাদের একটি সূত্র। ইসরায়েলের পক্ষ থেকে নেতানিয়াহু পরিকল্পনাটি স্বাগত জানিয়েছে এবং দাবি করেছেন এটি হামাসকে 'নিঃসঙ্গ' করে দিয়েছে। তিনি বলেন ইসরায়েল গাজায় থাকা সমস্ত জিম্মিকে জীবিত উদ্ধার করবে এবং প্রয়োজন হলে সেখানে থাকবেই। তবে নেতানিয়াহুর উগ্র ডানপন্থি অংশের মধ্যে পরিকল্পনার কিছু ধারা নিয়ে আপত্তিও আছে। জার্মানি প্রস্তাবে ইতিমধ্যেই স্বাগত জানিয়েছে, তবে অঞ্চলের প্রধান পক্ষগুলোর গ্রহণযোগ্যতা তুলে ধরা এখনও বাকি। বিশ্লেষকরা বলছেন পরিকল্পনাটি দুর্বোধ্য এবং এ নিয়ে স্পষ্টকরণ প্রয়োজন। দোহা ইনস্টিটিউট ফর গ্র্যাজুয়েট স্টাডিজের মুহানাদ সেলুন উল্লেখ করেছেনড়কীভাবে জিম্মিদের মুক্তি দেওয়ার পর হামাস যোদ্ধাদের সুরক্ষা, তাদের স্থানান্তর, বাস্তুচ্যুতদের পুনর্বাসন এবং আন্তর্জাতিক বাহিনীর কম্পোজিশন নির্ধারণ করা হবেড়এসব বিষয়ে প্রশ্ন রয়ে গেছে। এসব প্রশ্নের সুনির্দিষ্ট সমাধান ব্যতীত পরিকল্পনার বাস্তব সাফল্য অনিশ্চিত। এ অবস্থায় তীব্র আশঙ্কা দেখা দিয়েছে যেড়প্রস্তাব-নায় দু'পক্ষকেই সন্তুষ্ট করা হয়নি; ফলে বাস্তবে এটি রূপায়িত হলে আবারও অভিযোগ-প্রতিবাদের আশঙ্কা রয়েছে। ট্রাম্প প্রশাসন ইতোমধ্যেই হামাসকে পরিকল্পনা মেনে নেওয়ার জন্য তিন-চার দিনের সময় দিয়েছে; তারা যদি প্রত্যাখ্যান করে তবে ট্রাম্প সতর্ক করে দিয়েছেন যে যুক্তরাষ্ট্র ইসরায়েলকে পূর্ণভাবে সমর্থন করবে। অন্যদিকে গাজা উপত্যকার উত্তরে মানবিক সহায়তা পৌঁছে দেওয়ার জন্য অতিরিক্ত উদ্যোগও দেখা যাচ্ছেড়গ্লোবাল সুমুদ নামের ত্রাণজাহাজের একটি বহর গাজা অভিমুখে এগিয়ে আসছে; এতে বিভিন্ন দেশের নাগরিকও রয়েছেন। এ পরিস্থিতিতে ভবিষ্যতে সংঘাতের তীব্রতা কমে কি না, তা নির্ভর করবে স্থানীয় ও আন্তর্জাতিক কূটনীতির লড়াই এবং যে পরিমিত শর্তগুলোতে বাস্তব স্বীকৃতি দেওয়া হবে তার ওপর।

র‌্যাংকিংয়ে সাইফের বড় লাফ

ও ৪৬তম এবং জাকের আলি ৬৩তম অবস্থানে রয়েছেন। বোলারদের তালিকায় লেগ স্পিনার রিশাদ হোসেন ৬ ধাপ এগিয়ে ক্যারিয়ার সেরা ২০তম স্থানে জায়গা করে নিয়েছেন। তার রেটিং পয়েন্ট ৬১৮। পেসার তাসকিন আহমেদ এক ধাপ এগিয়ে ৩০তম স্থানে উঠেছেন। তবে বাংলাদেশি বোলারদের মধ্যে সবার উপরে থাকা মুস্তাফিজুর রহমান দুই ধাপ পিছিয়ে ১১তম স্থানে নেমে গেছেন।

## 'দিল্লি বাবা'র হোয়াটসঅ্যাপ থেকে বেরিয়ে এলো চাঞ্চল্যকর তথ্য

সূর্যোদয় প্রতিবেদন

যৌন নিপীড়নের অভিযোগে গ্রেফতার হয়েছেন স্বঘোষিত ধর্মগুরু স্বামী চৈত্রনানন্দ সরস্বতী, যিনি 'দিল্লি বাবা' নামে পরিচিত। গ্রেফতারের পর তাঁর মোবাইল ফোন থেকে উদ্ধার হওয়া হোয়াটসঅ্যাপ চ্যাট ঘিরে দেশজুড়ে তোলপাড় শুরু হয়েছে। ৬২ বছর বয়সী এ ধর্মগুরুর বিরুদ্ধে অভিযোগড়তিনি বিভিন্ন ছাত্রীকে যৌন হয়রানির শিকার করেছেন। উদ্ধার হওয়া চ্যাটে দেখা যায়, চৈত্রনানন্দ তরুণীদের শিশুসুলভ সম্বোধনে বারবার বার্তা পাঠাতেন, যেমনড়'সুইটি বেবি ডটার ডল', 'বেবিইই' ইত্যাদি। গভীর রাত থেকে দিনের বেলা পর্যন্ত আবেশপূর্ণ মেসেজ দিতেন তিনি। যেমন, রাত ১১টা ৫৯ মিনিটে লিখেছেনড়'বেবি তুমি কোথায়?' আবার দুপুরে পাঠিয়েছেনড়'গুড মর্নিং বেবি'। আরেকটি চ্যাটে সরাসরি একজন ছাত্রীকে জিজ্ঞেস করতে দেখা যায়, "তুমি কি আমার সঙ্গে ঘুমাবে না?" এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, উদ্ধার হওয়া একটি ভয়ঙ্কর চ্যাটে দেখা যায়ড়চৈত্রনানন্দ এক তরুণীকে বলেন, "একজন দুবাই শেখ সেক্স পার্টনার খুঁজছেন, তোমার কি কোনো ভালো বন্ধু আছে?"। উত্তরে তরুণী বলেন, তার কারও নাম জানা নেই। তখন দিল্লি বাবা চাপ দিয়ে বলেন, "তোমার কোনো ক্লাসমেট? জুনিয়র?" দিল্লির একটি বেসরকারি ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের মোট ১৭ জন ছাত্রী তাঁর বিরুদ্ধে যৌন হয়রানির লিখিত অভিযোগ করেছেন। চলতি বছরের আগস্টে মামলা দায়ের হওয়ার পর থেকে তিনি পলাতক ছিলেন। বৃন্দাবন, মথুরা ও আগ্রার ছোট ছোট হোটেলে আত্মগোপন করে ছিলেন প্রায় দুই মাস। অবশেষে গত ২৯ সেপ্টেম্বর ভোররাতে আগ্রার তাজগঞ্জ এলাকার একটি হোটেল থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতারের সময় তিনি 'পার্থ সারথি' নামে ভুয়া পরিচয় ব্যবহার করছিলেন। গ্রেফতারের সময় তাঁর কাছ থেকে তিনটি মোবাইল ফোন, একটি আইপ্যাড ও ভুয়া পরিচয়ে তৈরি ভিজিটিং কার্ড উদ্ধার করা হয়। এসব কার্ডে তিনি নিজেকে জাতিসঙ্ঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের 'স্থায়ী রাষ্ট্রদূত' এবং ব্রিকসের 'বিশেষ দূত' বলে দাবি করেছিলেন। এছাড়া, তাঁর দুটি ভুয়া পাসপোর্টও পাওয়া যায়, যেখানে জন্মস্থান ও পিতামাতার তথ্যের অসংগতি রয়েছে। তদন্তে জানা গেছে, এফআইআর দায়ের হওয়ার পর তিনি ভুয়া নথি ব্যবহার করে ৫০ লাখ রুপিরও বেশি অর্থ তুলে নেন। ইতিমধ্যে তাঁর ৮ কোটি রুপির সম্পত্তি বাজেয়াপ্ত করেছে পুলিশ।

চৈত্রনানন্দ বর্তমানে পাঁচ দিনের পুলিশি রিমান্ডে রয়েছেন। তাঁকে তাঁর প্রতিষ্ঠানের তিন নারী সহযোগীর মুখোমুখি জেরা করা হবে। অভিযোগ রয়েছে, এরা ছাত্রীদের ভয় দেখানো এবং আপত্তিকর মেসেজ মুছে ফেলতে দিল্লি বাবাকে সহায়তা করত।

## যুক্তরাষ্ট্রের ১৩ কোম্পানির ওপর হুতি বিদ্রোহীদের নিষেধাজ্ঞা

সূর্যোদয় প্রতিবেদন

ইয়েমেনের হুতি বিদ্রোহীরা যুক্তরাষ্ট্রের সঙ্গে চার মাসের যুদ্ধবিরতি ভেঙে ১৩টি মার্কিন কোম্পানির ওপর নিষেধাজ্ঞা জারি করেছে। মঙ্গলবার সানায় হুতি-নিয়ন্ত্রিত হিউম্যানিটারিয়ান অপারেশনস কো-অর্ডিনেশন সেন্টারের এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। যেখানে নিষেধাজ্ঞার তালিকায় ১৩ কোম্পানির পাশাপাশি ৯ ব্যক্তি ও দুটি জাহাজকে অন্তর্ভুক্ত করা হয়েছে। গত মে মাসে ওয়াশিংটন ও হুতিদের মধ্যে হামলা বন্ধে যুদ্ধবিরতির চুক্তি হয়েছিল। তবে চলতি সেপ্টেম্বরের শুরুতে যুক্তরাষ্ট্র হুতিদের ওপর ব্যাপক নিষেধাজ্ঞা আরোপ করে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প একে ইয়েমেনে ইরান-ঘনিষ্ঠ গোষ্ঠীর বিরুদ্ধে সবচেয়ে বড় মার্কিন পদক্ষেপ বলে উল্লেখ করেন। মার্কিন ট্রেজারি জানিয়েছিল, ওই নিষেধাজ্ঞায় ৩২ ব্যক্তি ও প্রতিষ্ঠান এবং চারটি জাহাজ অন্তর্ভুক্ত ছিল। এদের বিরুদ্ধে অর্থ সংগ্রহ, চোরাচালান ও হামলায় সম্পৃক্ত থাকার অভিযোগ রয়েছে। এতে কিছু চীনা কোম্পানিও ছিল, যারা হুতিদের সামরিক সরঞ্জাম সরবরাহে জড়িত বলে দাবি করা হয়। ২০২৩ সালের শেষ দিক থেকে যুক্তরাষ্ট্র অভিযোগ করে আসছে, হুতিরা লোহিত সাগরে বাণিজ্যপথে বিঘ্ন ঘটাচ্ছে। তারা শত শত ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে, বিশেষ করে ইসরায়েল-সম্পৃক্ত জাহাজগুলোর ওপর। হুতিদের দাবি, এসব হামলা গাজায় ইসরায়েলি অভিযানের বিরুদ্ধে প্রতিশোধ ও ফিলিস্তিনিদের সমর্থনে চালানো হচ্ছে।